

📃 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪ : ২৯

আরবি মূল আয়াত:

فَنَادُوا صَاحِبَهُم فَتَعَاطَى فَعَقَرَ ﴿٢٩﴾

🗚 আনুবাদসমূহ:

অতঃপর তারা তাদের সাথীকে ডেকে আনল। তখন সে উদ্রীকে ধরল, তারপর হত্যা করল। — আল-বায়ান শেষে তারা তাদের এক সঙ্গীকে ডাকল আর সে তাকে (অর্থাৎ উদ্রীটিকে) ধরে হত্যা করল। — তাইসিরুল অতঃপর তারা তাদের এক সঙ্গীকে আহবান করল, সে ওকে ধরে হত্যা করল। — মুজিবুর রহমান

But they called their companion, and he dared and hamstrung [her]. — Sahih International

২৯. অতঃপর তারা তাদের সঙ্গীকে ডাকল, ফলে সে সেটাকে (উদ্রী) ধরে হত্যা করল।

তাফসীরে জাকারিয়া

- (২৯) অতঃপর তারা তাদের এক সঙ্গীকে আহবান করল,[1] সে ওকে (উদ্রীকে) ধরে হত্যা করল। [2]
 - [1] অর্থাৎ, যাকে তারা উটনীকে হত্যা করার জন্য উদ্বুদ্ধ করেছিল। যার নাম কুবদার বিন সালেফ বলা হয়। তাকে তার কাজ সম্পাদন করার জন্য ডাক দিল।
 - [2] অথবা তরবারি বা উটনীকে ধরে তার পা কেটে দিল। অতঃপর তাকে জবাই করে দিল। কেউ কেউ فَتَعَاطَى অর্থ করেছেন, فَجَسَرَ সাহস করল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4875

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন